ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

অধ্যায়-৮: মূলধন বাজেটিং ও বিনিয়োগ সিদ্ধান্ত

৩১২. প্রকল্পের অগ্রাধিকারের ভিত্তিতে মূলধন বরাদ্দ দেয়া হলে তাকে কী বলে? (জ্ঞান) *[বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা]*
ক মূলধন বাজেটিং খ মূলধন নিয়ন্ত্রণ
গ ব্যয় নিয়ন্ত্রণ ঘ আয় বিশ্লেষণ **ক**

৩১৩. কোনটি মূলধন বাজেটিং-এর সাথে সম্পর্কিত? (অনুধাবন) *[শেখ বোরহানুদ্দীন কলেজ, ঢাকা]*
ক কাঁচামাল ক্রয়
খ কর্মচারিদের বেতন প্রদান
গ বিজ্ঞাপন খরচ
ঘ স্থায়ী সম্পদ ক্রয় **ঘ**

৩১৪. একটি প্রকল্পের প্রাথমিক ব্যয় ১,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য ৮০,০০০ টাকা হলে প্রকল্পটিকে কী হিসেবে বিবেচনা করা উচিত? (উচ্চতর দক্ষতা) *[মদনমোহন কলেজ, সিলেট]*
ক গ্রহণযোগ্য খ বর্জনীয়
গ লাভজনক ঘ ঝুঁকিহীন **খ**

৩১৫. একটি প্রকল্পের বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। আগামী ৫ বছরে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ ২০,০০০ টাকা হলে পে-ব্যাক সময় কত? (প্রয়োগ) *[ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক ২ বছর খ ২.৫ বছর
গ ৩ বছর ঘ ৩.৫ বছর **খ**

৩১৬. মূলধন বাজেটিং-এর সমস্যা কোনটি? (জ্ঞান) *[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]*
ক অনিশ্চিত ভবিষ্যৎ ঝুঁকি
খ পর্যাপ্ত তথ্য
গ মূলধনের স্বল্পতা ঘ অদক্ষ ব্যবস্থাপনা **ক**

৩১৭. প্রতিষ্ঠানের মেশিন ক্রয়ের জন্য ১৪,০০০ টাকা প্রাথমিক বিনিয়োগ প্রয়োজন এবং সেটা পরবর্তী ৭ বছরে প্রত্যেক বছর ৩,০০০ টাকা করে নগদ আন্তঃপ্রবাহ তৈরি করবে। তাহলে মেশিনটির পে-ব্যাক সময় কত? (প্রয়োগ) *[শিলাপাঁও গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক ৪.৬৭ বছর খ ৫.২৫ বছর
গ ৪.৯১ বছর ঘ ৫.৭৮ বছর **ক**

৩১৮. একটি প্রকল্পের জীবনকাল ১০ বছর। উক্ত প্রকল্পের গড় নিট মুনাফা ২০,০০০ টাকা এবং গড় বিনিয়োগ ৫০,০০০ টাকা হলে গড় মুনাফার হার কত? (প্রয়োগ) *[শেখ বোরহানুদ্দীন কলেজ, ঢাকা]*
ক ২০% খ ৩০%
গ ৪০% ঘ ৫০% **গ**

৩১৯. PBP-এর শর্ত কোনটি? (জ্ঞান) *[সাউথ পয়েন্ট কলেজ, ঢাকা]*
ক পরিশোধ কাল কম ভালো
খ PBP বেশি ভালো
গ PBP সমান ভালো ঘ PBP নেই **ক**

৩২০. মূলধন বাজেটিং-এর সর্বশেষ ধাপ কোনটি? (জ্ঞান) *[ঢাকা মহানগর মহিলা কলেজ]*
ক প্রকল্প প্রণয়ন খ প্রকল্প নির্বাচন
গ প্রকল্প পুনর্মূল্যায়ন
ঘ প্রকল্প বাস্তবায়ন নিয়ন্ত্রণ **গ**

৩২১. মি. অপূর্ব তার কারখানায় বিনিয়োগের ক্ষেত্রে পরিশোধ কাল পদ্ধতিতে মূল্যায়ন করেন। এটি কোনটির অন্তর্গত? (উচ্চতর দক্ষতা) *[ঢাকা মহানগর মহিলা কলেজ]*
ক সনাতন পদ্ধতির খ আধুনিক পদ্ধতির
গ সাধারণ পদ্ধতির ঘ জটিল পদ্ধতির **ক**

৩২২. প্রকল্প মূল্যায়নের কৌশল কোনটি? (জ্ঞান) *[ঢাকা মহানগর মহিলা কলেজ]*
ক উপার্জনের অভ্যন্তরীণ হার
খ নিট আয় পদ্ধতি
গ নিট পরিচালন আয় পদ্ধতি
ঘ হামদা মডেল **ক**

৩২৩. Capital Asset Pricing Model (CAPM) কী প্রকাশ করে? (জ্ঞান) *[ঢাকা মহানগর মহিলা কলেজ]*
ক লাভ ও ক্ষতির সম্পর্ক
খ আয় ও ঝুঁকির সম্পর্ক
গ বিনিয়োগ ও মুনাফার সম্পর্ক
ঘ আয়ের সম্পর্ক **খ**

৩২৪. আবিদ কোম্পানির প্রধান নির্বাহী জনাব আবিদ একটি নতুন প্রকল্পে বিনিয়োগের লাভজনকতা নির্ণয়ের পূর্বে পর পর ৫ বছর মুনাফার সাথে অবচয় যোগ না করেই মোট মুনাফাকে ৫ দ্বারা ভাগ করেন এবং মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন। জনাব আবিদের অনুসৃত পদ্ধতি কোনটি? (উচ্চতর দক্ষতা) *[দর্শনা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা]*
ক গড় মুনাফার হার খ পরিশোধ কাল
গ নিট বর্তমান মূল্য
ঘ অভ্যন্তরীণ মুনাফার হার **ক**

৩২৫. মূলধন বাজেটিং-এর কোন কৌশলটি অর্থের সময়মূল্যকে বিবেচনা করে না? (অনুধাবন) *[সরকারি কে সি কলেজ, ঝিনাইদহ]*
ক NPV খ ARR
গ IRR ঘ PI **খ**

৩২৬. মূলধন বাজেটিং-এর কোন কৌশলটির একক হলো সময়? (জ্ঞান) *[সাতক্ষীরা সরকারি কলেজ]*
ক NPV খ ARR
গ PBP ঘ IRR **গ**

৩২৭. কোন উৎসের ব্যয় সবচেয়ে কম হয়? (অনুধাবন) *[কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক সাধারণ শেয়ার খ ঋণপত্র
গ অগ্রাধিকার শেয়ার ঘ বিনিয়োগ নীতি **খ**

Teachingbd.com

৩২৮. পোর্টফোলিও গঠন করে কোন ঝুঁকি হ্রাস করা যায়? (অনুধাবন) /কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক বাজার ঝুঁকি খ কোম্পানির ঝুঁকি
গ একক ঝুঁকি ঘ সুদ হার ঝুঁকি **ক**

৩২৯. যে হারে নগদ প্রবাহ বাট্টাকৃত করলে সেগুলোর NPV শূন্য হয় সে হারকে কী বলে? (জ্ঞান) /সীতাকুণ্ড মহিলা (ডিগ্রি) কলেজ, চট্টগ্রাম/
ক ARR খ PBP
গ IRR ঘ NPV **গ**

৩৩০. কোন প্রকল্পটি গ্রহণযোগ্য? (জ্ঞান) /আগ্রাবাদ মহিলা কলেজ, চট্টগ্রাম/
ক যে প্রকল্পের IRR সর্বনিম্ন
খ যে প্রকল্পের ARR সর্বনিম্ন
গ যে প্রকল্পের PBP সর্বনিম্ন
ঘ যে প্রকল্পের NPV সর্বনিম্ন **গ**

৩৩১. PBP নির্ণয়ের সূত্র কোনটি? (জ্ঞান) /আগ্রাবাদ মহিলা কলেজ, চট্টগ্রাম/
ক $PBP = A + \frac{CF_0 - C}{D}$
খ $PBP = A + \frac{CF_0 + C}{D}$
গ $PBP = A + \frac{CF_0 - C}{D} + 1$
ঘ $PBP = A + \frac{CF_0 - 1}{C}$ **ক**

৩৩২. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং বার্ষিক নগদ প্রবাহ ৬০,০০০ টাকা হলে প্রকল্পটির PBP কত বছর? (প্রয়োগ) /আগ্রাবাদ মহিলা কলেজ, চট্টগ্রাম/
ক ২.২৫ খ ২.৫০
গ ২.৭৫ ঘ ৩ **খ**

৩৩৩. কোন ধরনের ঋণ গ্রহণ করলে কারবার পরিচালনায় সুষ্ঠু নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা যায়? (অনুধাবন) /লক্ষ্মীপুর সরকারি কলেজ/
ক স্বল্পমেয়াদি ঋণ খ দীর্ঘমেয়াদি ঋণ
গ সহজ পদ্ধতি ঘ নিরাপত্তা **খ**

৩৩৪. কোনটি প্রকল্প মূল্যায়নের কৌশল বহির্ভূত? (অনুধাবন) /লক্ষ্মীপুর সরকারি কলেজ/
ক ARR খ NPV
গ IRR ঘ PBP **ঘ**

৩৩৫. কোনটি পরিশোধকালের মাধ্যমে নির্ণয় করা হয়? (অনুধাবন) /লক্ষ্মীপুর সরকারি কলেজ/
ক অর্থের পরিমাণ খ বিনিয়োগের পরিমাণ
গ সময় ঘ ঝুঁকির পরিমাণ **গ**

৩৩৬. X কোম্পানি লি. ১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন, যা থেকে আগামী প্রতি বছর ৪,০০০ টাকা করে পান। তার পরিশোধকাল কত বছর? (প্রয়োগ) /লক্ষ্মীপুর সরকারি কলেজ/
ক ১.৬ বছর খ ২.৫ বছর
গ ৩.১ বছর ঘ ৪.৩ বছর **খ**

৩৩৭. একটি প্রতিষ্ঠানের কর পরবর্তী গড় আয় ৭,০০০ টাকা এবং গড় বিনিয়োগ ১৬,৫০০ টাকা হলে ARR কত? (প্রয়োগ) /সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা/
ক ৩৪ খ ৩৬
গ ৪২ ঘ ৪৩ **গ**

৩৩৮. বিনিয়োগ ফেরত কাল নির্ণয়ের ক্ষেত্রে বিবেচনা করা হয় কোনটি? (অনুধাবন) /সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা/
ক নগদ প্রবাহ খ নিট নগদ প্রবাহ
গ অবচয় ঘ বার্ষিক নিট মুনাফা **ক**

৩৩৯. মিলি কোম্পানি লি. ১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন, যা থেকে আগামী ৫ বছর প্রতি বছর ৪,০০০ টাকা করে পাবেন। পরিশোধ কাল কত বছর? (প্রয়োগ) /সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা/
ক ১.৬ বছর খ ২.৫ বছর
গ ৩.১ বছর ঘ ৪.৩ বছর **খ**

৩৪০. যে বাট্টার হারে নগদ প্রবাহের বর্তমান মূল্য প্রাথমিক বিনিয়োগের সমান হয় সেই বাট্টার হারকে কী বলে? (জ্ঞান) /বি এ এফ শাহীন কলেজ, ঢাকা/
ক ARR খ IRR
গ NPV ঘ PBP **খ**

৩৪১. কোনটির মাধ্যমে মূলধনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা হয়? (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম/
ক মূলধন রেশনিং খ মূলধন কাঠামো
গ মূলধন বাজেটিং ঘ মূলধন বিনিয়োগ **গ**

৩৪২. যে বাট্টার হারে নিট নগদ আন্তঃপ্রবাহ এবং মূল বিনিয়োগ সমান হয় তাকে কী বলা হয়? (অনুধাবন) /ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম/
ক গড় আয়ের হার খ নিট বর্তমান মূল্য
গ অভ্যন্তরীণ আয়ের হার ঘ পরিশোধকাল **গ**

৩৪৩. আভ্যন্তরীণ আয় হার (IRR) অনুযায়ী কখন প্রকল্প গ্রহণ করা হয়? (অনুধাবন) /ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম/
ক IRR ধনাত্মক হলে
খ বাট্টার হার বেশি হলে
গ মূলধন ব্যয় থেকে IRR বেশি হলে
ঘ লভ্যাংশের হারের তুলনায় বাট্টার হার বেশি হলে **গ**

৩৪৪. মূলধন বাজেটিং-এর ধাপসমূহ হলো — (অনুধাবন) /বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা/
i. প্রকল্প উদ্ভাবন ii. প্রকল্প মূল্যায়ন
iii. প্রকল্প নির্বাচন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com

৩৪৫. প্রকল্প নির্বাচনের পদ্ধতি — (অনুধাবন) *[প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সিগঞ্জ]*

i. অভ্যন্তরীণ আয়ের হার
ii. নিট বর্তমান মূল্য
iii. পরিশোধ পদ্ধতি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii   **ঘ**

৩৪৬. মূলধন বাজেটিং-এর বাট্টাকৃত পদ্ধতি — (অনুধাবন) *[বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]*

i. NPV
ii. PI
iii. ARR

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii   **ক**

৩৪৭. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাকৃত কৌশল হলো — *[ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম; ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

i. নিট বর্তমান মূল্য
ii. অভ্যন্তরীণ মুনাফার হার
iii. মুনাফার বাজার মূল্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii   **ক**

উদ্দীপকটি পড়ো এবং ৩৪৮ ও ৩৪৯ নং প্রশ্নের উত্তর দাও।

ঝর্না কোম্পানির আর্থিক ব্যবস্থাপক মি. রায়হান একটি নতুন প্রকল্পে বিনিয়োগ লাভজনক কিনা নির্ণয়ের পূর্বে পরপর ৫ বছরের মুনাফার সাথে অবচয় যোগ না করেই মোট মুনাফাকে ৫ দ্বারা ভাগ করেন। কিন্তু মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন। *[বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা]*

৩৪৮. মি. রায়হানের অনুসৃত পদ্ধতি কোনটি? (প্রয়োগ)

ক গড় মুনাফার হার   খ পে-ব্যাক সময়
গ নিট বর্তমান মূল্য   ঘ আন্তঃআয় হার   **ক**

৩৪৯. উদ্দীপকে বর্ণিত পদ্ধতির সীমাবদ্ধতা হলো — (উচ্চতর দক্ষতা)

i. অর্থের সময়মূল্য উপেক্ষিত
ii. সকল নগদ প্রবাহের মূল্য সমান
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii   **ক**

উদ্দীপকটি পড়ো এবং ৩৫০ ও ৩৫১ নং প্রশ্নের উত্তর দাও।

এবিসি ফার্মাসিউটিক্যালস কোম্পানি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছে। কোম্পানির আর্থিক ব্যবস্থাপক জনাব তাহেরকে বিনিয়োগ প্রকল্পটি মূল্যায়নের দায়িত্ব দেয়া হয়েছে। তিনি প্রকল্পটি গ্রহণ করার জন্য মতামত দিলেন এবং বললেন আগামী ৫ বছরের মধ্যে বিনিয়োগকৃত মূলধন ফেরত পাওয়া যাবে। *[সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল]*

৩৫০. জনাব তাহেরের অনুসৃত পদ্ধতি কোনটি? (প্রয়োগ)

ক গড় মুনাফার হার   খ আন্তঃআয় হার
গ পে-ব্যাক সময়   ঘ নিট বর্তমান মূল্য   **গ**

৩৫১. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতিতে সীমাবদ্ধতা হলো — (উচ্চতর দক্ষতা)

i. অর্থের সময়মূল্য উপেক্ষিত
ii. সকল নগদ প্রবাহের মূল্য সমান
iii. লাভের হার জানা যায় না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii   **ঘ**

উদ্দীপকটি পড়ো এবং ৩৫২ ও ৩৫৩ নং প্রশ্নের উত্তর দাও।

মোঃ সাইফুল ৮০,০০০ টাকা বিনিয়োগ করে একটি ক্ষুদ্র ব্যবসায় শুরু করতে যাচ্ছেন, আগামি ৪ বছরের ব্যবসায়টি থেকে যে নগদ আন্তঃপ্রবাহ আসবে তার বর্তমান মূল্য ৯২,০০০ টাকা। *[সাতক্ষীরা সরকারি কলেজ]*

৩৫২. ব্যবসায়টির নিট বর্তমান মূল্য কত? (প্রয়োগ)

ক ৯২,০০০ টাকা   খ ১২,০০০ টাকা
গ ৮০,০০০ টাকা   ঘ ১,৭২,০০০ টাকা   **খ**

৩৫৩. ব্যবসায়টি শুরু করার প্রস্তাবের বিষয়ে সাইফুল সাহেব কী করবেন? (উচ্চতর দক্ষতা)

ক বর্জন করবেন
খ কোনো সিদ্ধান্ত নেবেন না
গ গ্রহণ করবেন
ঘ বিলম্বিত করবেন   **গ**

উদ্দীপকটি পড়ো এবং ৩৫৪ ও ৩৫৫ নং প্রশ্নের উত্তর দাও।

সুপার স্টার কোম্পানি একটি প্রকল্পে ১,৮০,০০০ টাকা বিনিয়োগ করবে, যা থেকে আগামী ৭ বছর ধরে ৪৫,০০০ টাকা করে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে। *[সীতাকুণ্ড মহিলা (ডিগ্রি) কলেজ, চট্টগ্রাম]*

৩৫৪. সুপার স্টার কোম্পানির Payback Period কত? (প্রয়োগ)

ক ৫ বছর   খ ৬ বছর
গ ৪ বছর   ঘ ২ বছর   **গ**

৩৫৫. সুপার স্টার কোম্পানি মূলধন বাজেটিং সিদ্ধান্তের ক্ষেত্রে কোন পদ্ধতি অবলম্বন করবে? (উচ্চতর দক্ষতা)

ক Payback Period
খ Net Present Value
গ Average rate or return
ঘ Internal rate or return   **ক**

http://teachingbd.com